সেলিনা হাফিজিয়া মাদ্রাসার অবশিষ্ট সীমানা প্রাচীর নির্মাণ -২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব আসমা বেগম, সংরক্ষিত ইউপি সদস্য, ইশিবপুর ইউপি | সভাপতি | |
| ০২ | হাফেজ মাওঃ মুফতি তামিম আল হাসান, মোহতামিম | সাধারণ সম্পাদক | |

~~পদ্মারদি পূর্বপাশের মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ন-২ গাইডওয়াল নির্মাণ -২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।~~

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব তারামিয়া বেপারী, ইউপি সদস্য, বাজিতপুর ইউপি | সভাপতি | |
| ০২ | জনাব আকাশ বেপারী, সমাজসেবক | সাধারণ সম্পাদক | |

বদরপাশা বটতলা দক্ষিনপাশের আশ্রয়ন-২ গাইডওয়াল নির্মাণ -২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব অন্জুফা বেগম, সংরক্ষিত ইউপি সদস্য, বদরপাশা ইউপি | সভাপতি | |
| ০২ | জনাব লিটন খান, গন্যমান্য | সাধারণ সম্পাদক | |

সুতারকান্দি আশ্রয়ন-২ এর অভ্যন্তরীণ রাস্তা ইটের সোলিং -২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব সঞ্জয় করাতী, ইউপি সদস্য, বাজিতপুর ইউপি | সভাপতি | |
| ০২ | জনাব আকাশ বেপারী, গন্যমান্য | সাধারণ সম্পাদক | |

মজুমদারকান্দি খালপাড় নুরু মিয়ার বাড়ির পাশের খালের উপর বক্স কালভার্ট নির্মাণ -২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব আরিফ শেখ, ইউপি সদস্য, খালিয়া ইউপি | সভাপতি | |
| ০২ | জনাব মাসুদ মোল্লা, গন্যমান্য | সাধারণ সম্পাদক | |

মোল্লাদি জামাল মোল্লার বাড়ির সামনের ব্রীজের গোড়া হতে আশ্রাফ মোল্লার বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং
ও খলিল ঘরামীর বাড়ির সামনের ব্রীজের পূর্ব পাশের এ্যাপ্রোচ সিসি করণ -২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব সাগর বেপারী, ইউপি সদস্য, বাজিতপুর ইউপি | সভাপতি | |
| ০২ | জনাব খলিল ঘরামী, সমাজসেবক | সাধারণ সম্পাদক | |

আমগ্রাম ইদ্রিস শেখের বাড়ি হতে মনির খানের বাড়ি পর্যন্ত রাস্তা আরসিসি করণ -২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব শেখ ফজলুল হক বাবুল, উপজেলা ভাইস চেয়ারম্যান, রাজৈর | সভাপতি | |
| ০২ | জনাব শাহিন শেখ, সমাজসেবক | সাধারণ সম্পাদক | |

আমগ্রাম লতিফ খানের বাড়ির পিছন হতে ইকবাল খানের বাড়ি পর্যন্ত রাস্তা আরসিসি করণ -২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব আঃ মান্নান চৌকিদার, ইউপি সদস্য, আমগ্রাম ইউপি, রাজৈর | সভাপতি | |
| ০২ | জনাব মনির খান, সমাজসেবক | সাধারণ সম্পাদক | |

খালিয়া শাখারীবাড়ির রাস্তা প্যালাসাইডিং নির্মাণ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব সেলিনা আক্তার, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, রাজৈর | সভাপতি | |
| ০২ | জনাব সাইদুল ইসলাম, সমাজসেবক | সাধারণ সম্পাদক | |

খালিয়া রায়বাড়ির দক্ষিণ পাশে বক্স কালভার্ট নির্মাণ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব নিমাই শাখারী, ইউপি সদস্য, খালিয়া ইউপি, রাজৈর | সভাপতি | |
| ০২ | জনাব গোলাম মন্ডল, সমাজসেবক | সাধারণ সম্পাদক | |

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, রাজৈর এর প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

৪। বিভিন্ন দপ্তরের উন্নয়ন কার্যক্রমঃ

(ক) উপজেলা কৃষি বিভাগঃ- উপজেলা কৃষি কর্মকর্তা, রাজৈর জানান যে, রাজৈর উপজেলায় ইউরিয়া মাসিক ১২৮ মে. টন, ডিএপি মাসিক ৭০ মে. টন, টিএসপি ০৯ টন এবং এমওপি মাসিক ১৪ মে. টন বরাদ্দ রয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা কৃষি কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(খ) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ- উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রাজৈর নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন।

বহিঃ বিভাগে সেবাদানকৃত রোগীর সংখ্যাঃ ১১৫৬৯ জন, জরুরী বিভাগে রোগীর সংখ্যা ১২৮৭ জন, অন্তঃ বিভাগে ভর্তি রোগীর সংখ্যা ৮১১ জন, সিজারিয়ান অপারেশন ০৭ জন, স্বাভাবিক প্রসব ১২ জন, দুর্ঘটনায় আহত চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা ৬৮ জন, দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যা ০২ জন, হাসপাতালে মৃত্যুর সংখ্যা ০১ জন, শয্যা ব্যবহারের হার ১১৩.১২%, মৃত্যুর হার .৩২%, রোগীর গড় অবস্থান ২.৫২ দিন, ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা ৪৩৩২ জন, কমিউনিটি ক্লিনিকের চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা ১৩৮৯৯ জন। এছাড়াও বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(গ) প্রাণি সম্পদ বিভাগঃ- উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, রাজৈর নিম্নবর্ণিতভাবে তাঁর বিভাগীয় কর্মকান্ড উপস্থাপন করেন।

গবাদি পশুর টিকা প্রদান ৩০০০ মাত্রা, হাঁস মুরগির টিকা প্রদান ৫১০০০ মাত্রা, গবাদি পশুর চিকিৎসা সেবা প্রদান ১৪২৮ টি, হাঁস মুরগির চিকিৎসা সেবা প্রদান ২১৬৪২ টি, পোষা প্রাণির চিকিৎসা প্রদান ০৯ টি, কৃত্রিম প্রজনন ৬৩৬ টি, সংকর জাতের বাছুরের তথ্য ২৪৬ টি, গবাদি পশুর খামার স্থাপন ০ টি, হাঁস মুরগির খামার স্থাপন ০২ টি, খামার পরিদর্শন ০৯ টি, উঠান বৈঠকের আয়োজন ০৪ টি, প্রাণিপালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান ২৫ জন, উন্নত জাতের ঘাসের চাষ ০১ একর। বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ঘ) স্থানীয় সরকার বিভাগ (এলজিইডি)ঃ- উপজেলা প্রকৌশলী (ভারপ্রাপ্ত), এলজিইডি, রাজৈর সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)/ উপজেলা পরিষদ উন্নয়ন রাজস্ব তহবিল হতে দ্রুত প্রকল্প গ্রহণের সময় নির্দেশনা রয়েছে। সে মোতাবেক সংশ্লিষ্ট সকলকে দ্রুত প্রকল্প তালিকা দাখিল করার জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ উপজেলা প্রকৌশলীর প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রকৌশলী, রাজৈর, মাদারীপুর।

(ঙ) উপজেলা ত্রাণ ও পুনর্বাসন শাখাঃ- কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।

(চ) উপজেলা শিক্ষা বিভাগঃ- উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজৈর সভায় অক্টোবর/২২ মাসে নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন।

অনলাইনে শিক্ষক বদলী পরিচালনা, শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রস্তুত কার্যক্রম চলমান। ১৩তম গ্রেডের বকেয়া প্রদান, শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকাদান কার্যক্রম চলমান, ইউআরসি'র মাধ্যমে শিক্ষকদের "গনিত অলিম্পিয়াড কৌশল প্রয়োগ করে বিষয় ভিত্তিক গনিত" প্রশিক্ষণ প্রদান। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ছ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজৈর সভায় জানান যে, গত ১৫/০৯/২০২২ তারিখে এস.এস.সি/দাখিল ও এ.এস.সি ভোকেশনাল পরীক্ষা ০৫টি কেন্দ্রে (এস.এস.সি-০৩ টি, এস.এস.সি ভোকেশনাল-০১ টি, ও দাখিল-০১ টি) উপজেলা নির্বাহী অফিসারের পরিচালনায় সুষ্ঠু ও নকলমুক্তভাবে গত ০৩/১০/২০২২ তারিখ রোজ সোমবার শেষ হয়েছে। আসন্ন এইচ.এস.সি/আলিম/বিএম পরীক্ষা মোট ০৪ (চার) টি কেন্দ্রতে আগামী ০৬/১১/২০২২ খ্রি তারিখে শুরু হয়ে ১৩/১২/২০২২ খ্রি তারিখ পর্যন্ত চলবে। এনসিটিবি'র ওয়েবসাইটে লিংক দিয়ে বিষয়ভিত্তিক শিক্ষকদের ট্রেনিং এর জন্য নামের তালিকা চাওয়া হয়েছে। প্রক্রিয়াটি চলমান। ২২/০৮/২০২২ তারিখে জ্বালানী ও বিদ্যুৎ সাশ্রয়ের জন্য শিক্ষা প্রতিষ্ঠান সপ্তাহে ০২ দিন বন্ধ থাকবে মর্মে মন্ত্রণালয় হতে একটি পত্র পাওয়া যায়। উক্ত পত্রের আলোকে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবগত করা হয়। বর্ণিত পত্রের নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠান সপ্তাহে ০২ দিন বন্ধ রাখা হচ্ছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সকলের সহযোগিতায় চলমান রয়েছে। রাজৈর উপজেলার শিক্ষার গুনগতমান উন্নয়নে সকলের সহযোগিতা কামনা করা হচ্ছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজৈর, মাদারীপুর।

